কালের কণ্ঠ

তারিখ ... 07 JAN 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে সম্মান তৃতীয় বর্ষের পরীক্ষা ৩ ফেব্রুয়ারি

**নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷**

**জাতীয়** বিশ্ববিদ্যালয়ের ২০১১-১২ শিক্ষাবর্ষের সম্মান তৃতীয় বর্ষের পরীক্ষা আগামী ২০ জানুয়ারির পরিবর্তে ৩ ফেব্রুয়ারি শুরু হবে। গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, পরীক্ষার তারিখ পেছানোর দাবিতে গতকাল বুধবার সকাল ১১টার দিকে গাজীপুরের বোর্ড বাজারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে মানববন্ধন ও বিক্ষোভ করেন কয়েকটি কলেজের ২০১১-১২ শিক্ষাবর্ষের সম্মান তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা। পরে তাঁরা ভিসির কাছে স্মারকলিপি দেন। পরীক্ষা পেছানোর আশ্বাস পেয়ে তাঁরা বিক্ষোভ কর্মসূচি প্রত্যাহার করেন।